

গতকাল মুক্তাগঞ্জের ১২০০ জন

ঘটনাস্থল দিনাজপুর

হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চাকরিপ্রার্থীদের বিক্ষোভ, উত্তেজনা

জেলা বার্তা পরিবেশক

দিনাজপুর হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এলাকায় চাকরিপ্রার্থী ও রেজিস্ট্রারের লেখিয়ে দেয়া ভাড়াটিয়া লোকজনদের মধ্যে উত্তেজনা ছিড়ছে। রেজিস্ট্রারের ভাড়াটিয়া সহাসীদের দুমকির মুখে গতকাল শনিবার চাকরিপ্রার্থীরা বিক্ষোভ প্রদর্শন করেছে। বিক্ষোভকারীরা দুর্নীতিবাজ রেজিস্ট্রারের অবিলম্বে অপসারণ দাবি করে বিভিন্ন শ্লোগান দেয়। বিশ্ববিদ্যালয় এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে। যে কোন সময় তা রক্তক্ষয়ী সংঘর্ষে রূপ নিতে পারে। গত মঙ্গলবার চাকরিপ্রার্থীরা মিছিল করে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের অফিস ঘেঁরাও করে। চাকরিপ্রার্থীরা রেজিস্ট্রার প্রফেসর মো. আবদুর মল্লিককে অকথ্য ভাষায় মালাপাল করে। অফিসের আসবাবপত্র তচনচ করে দেয়। তারা রেজিস্ট্রারকে বলে, 'হয় চাকরি দিন নইলে ঘুমের টাকা দেও'রত দিন। মিছিলকারী চাকরিপ্রার্থীরা সেকশন অফিসার ইমতিয়াজ হোসেনকে মারধর করে। এ ঘটনার পর থেকে বিক্ষুব্ধ চাকরিপ্রার্থীদের শায়েস্তা করতে রেজিস্ট্রার ভাড়াটিয়া সহাসীদের বিশ্ববিদ্যালয় এলাকায় মোতায়েন করেন। রেজিস্ট্রারের দুর্নীতি ধামাচাপা দেয়ার কৌশল হিসেবে গুরুবায় নন্দায় দিনাজপুর প্রেসক্লাবে একটি সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

সংবাদ সম্মেলনে স্থানীয় ইউপি সদস্য আমির আলী লিখিত বক্তব্য পাঠ করে বলেন, তিনি ও রেজিস্ট্রার চাকরিপ্রার্থীদের কাছ থেকে ঘৃণা নেননি। অর্থাৎ চাকরিপ্রার্থীদের অভিযোগ- ৬০ জন

চাকরিপ্রার্থীর প্রতিজ্ঞনের কাছ থেকে ১ লাখ ৫০ হাজার থেকে ২ লাখ টাকা পর্যন্ত মোট ১ কোটি ৮০ লাখ টাকা চাকরি দেয়ার নামে রেজিস্ট্রার ভ্রমের কাছ থেকে ঘৃণা নেন। এদিকে বিশ্ববিদ্যালয় (হাবিপ্রবি) সংলগ্ন ঝাংগড়া, কার্ণাই, গোপালগঞ্জ ও গাংগড়া এলাকাবাসী জানান, চাকরি দেয়ার নাম করে তাদের এলাকার লোকজনদের কাছ থেকে টাকা নিয়েছেন রেজিস্ট্রার প্রফেসর মো. আবদুর মল্লিক।